# বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)

১৩৭-১৩৮ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

ওয়েবসাইট : www.bscic.gov.bd ইমেইল: info@bscic.gov.bd


স্মারক সংখ্যাঃ- ৩৬.০২.০১৭.০৪.০০১.১৩২.২০১৯/৫৭(৭০)

তারিখ : ০৭ পৌষ ১৪২৬
২২ ডিসেম্বর ২০১৯

বিষয়ঃ 'বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প পুরস্কার ২০২০' এর বিজ্ঞপ্তির বহুল প্রচার প্রসংগে।

উপর্যুক্ত বিষয় ও শিল্প মন্ত্রণালয়ের স্বশাসিত সংস্থা-বিসিক শাখার স্মারক নং ৩৬.০০.০০০০.০৬৫.২২.০২৫.১৯-৬০৯ তারিখ ১২ ডিসেম্বর ২০১৯ এর মাধ্যমে প্রাপ্ত নির্দেশনানুযায়ী জানানো যাচ্ছে যে, বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প পুরস্কার ২০২০' এর বিশেষভাবে ডিজাইনকৃত বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের লক্ষ্যে আপনার অফিস ও বিসিক শিল্পনগরীর প্রবেশ পথের প্রধান ফটকে ব্যানার আকারে স্থাপন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত : ২ (দুই) পাতা।

২২/১২/২০১৯

(মোস্তাক আহমেদ)
সচিব
বিসিক, ঢাকা
ফোন : ৯৫৫৩৪৯০

শিল্প সহায়ক কেন্দ্র (শিসকে) প্রধান
বিসিক (সকল) ................

অনুলিপি: সদয় অবগতির জন্য (জৈষ্ঠ্যতার ক্রমানুনারে নয়)

১। আঞ্চলিক পরিচালক, আঞ্চলিক কার্যালয়, ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা ( আপনার অধীনস্থ সকল শিসকে প্রধানকে বিশেষভাবে ডিজাইনকৃত বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য নির্দেশনা প্রদানের অনুরোধসহ)
২। আইটি সেল প্রধান, বিসিক, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)
৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব ( চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য )

বিশেষ দ্রষ্টব্য: বিশেষভাবে ডিজাইনকৃত বিজ্ঞপ্তিটির সফট কপি ব্যানার আকারে বিসিক ওয়েবসাইটের নোটিশে আপলোড করা হয়েছে (সেখান থেকে ডাউনলোড করে নেওয়া যাবে) এবং শিসকে প্রধানগণের অফিসিয়াল ই-মেইলে প্রেরণ করা হয়েছে)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
স্বশাসিত সংস্থা-বিসিক শাখা
৯১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.moind.gov.bd

স্মারক নং -৩৬.০০.০০০০.০৬৫.২২.০২৫.১৯- ৮০৭

তারিখ : ২৭ অগ্রহায়ণ ১৪২৬
১২ ডিসেম্বর ২০১৯

বিষয় : 'বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প পুরস্কার ২০২০' এর বিজ্ঞপ্তির বহুল প্রচার।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ২০২০ সালে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের অংশ হিসেবে সরকার 'বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প পুরস্কার ২০২০' প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে। এজন্য শিল্প মন্ত্রণালয় কর্তৃক বিজ্ঞপ্তি বিশেষভাবে ডিজাইন করে পত্রিকা/ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের নিমিত্ত শিল্প মন্ত্রণালয়ের নির্ধারিত ডিজাইন ও রঙে দপ্তর/সংস্থা ও অধীনস্থ শাখা অফিস/অধীনস্থ প্রতিষ্ঠানসমূহের প্রবেশ পথের প্রধান ফটকে বড় করে ব্যানার/প্যানাফ্লেক্স আকারে (অফিসে আগমনকারী এবং সর্বসাধারণের দর্শনযোগ্য স্থানে) স্থাপন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হল। একই সাথে দপ্তর সংস্থার ওয়েব সাইটেও বিজ্ঞপ্তিটি সংযুক্ত করার জন্য অনুরোধ করা হল।

১২.১২.১৯
(মোঃ রেজাউল করিম)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৮৮-০২-৯৫৮৫১৮৪

বিতরণঃ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

০১। চেয়ারম্যান, বিসিআইসি, ঢাকা।
০২। চেয়ারম্যান, বিসিক, ঢাকা।
০৩। চেয়ারম্যান, বিএসইসি, ঢাকা।
০৪। চেয়ারম্যান, বিএসএফআইসি, মতিঝিল, ঢাকা।
০৫। ব্যবস্থাপনা পরিচালক, এসএমই ফাউন্ডেশন, পান্থপথ, কাওরান বাজার, ঢাকা।
০৬। মহাপরিচালক, বিআইএম, সোবহানবাগ, ঢাকা।
০৭। মহাপরিচালক, বিএসটিআই, ঢাকা।
০৮। মহাপরিচালক, বিটাক, ঢাকা।
০৯। প্রধান বয়লার পরিদর্শক, প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়, মতিঝিল, ঢাকা।

অনুলিপি:

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, ঢাকা।

শিল্প মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প পুরস্কার ২০২০

# আবেদনপত্র আহ্বান

**জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে শিল্প মন্ত্রণালয় বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প পুরস্কার প্রবর্তন করেছে।**

জাতীয় শিল্পনীতি ২০১৬ অনুযায়ী সাতটি ক্যাটাগরিতে যথাঃ ১)বৃহৎ, ২)মাঝারি, ৩)ক্ষুদ্র, ৪)মাইক্রো, ৫)কুটির, ৬)হস্ত ও কারু শিল্প এবং ৭)হাইটেক শিল্পের সাথে জড়িত শিল্প উদ্যোক্তা/শিল্প প্রতিষ্ঠানকে ২০২০ সালের জন্য এ পুরস্কার প্রদান করা হবে। প্রত্যেক ক্যাটাগরিতে নিম্ন বর্ণিত আকারে ১ম, ২য় ও ৩য় পুরস্কার প্রদান করা হবে।

## বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প পুরস্কার ২০২০

| পুরস্কারের ধরন | পুরস্কারের পরিমাণ | |
|---|---|---|
| ১ম পুরস্কার | নগদ ৩,০০,০০০ (তিন লক্ষ) টাকা | ২৫ গ্রাম স্বর্ণখচিত ক্রেস্ট + একটি রেপ্লিকা |
| ২য় পুরস্কার | নগদ ২,০০,০০০ (দুই লক্ষ) টাকা | ২০ গ্রাম স্বর্ণখচিত ক্রেস্ট + একটি রেপ্লিকা |
| ৩য় পুরস্কার | নগদ ১,০০,০০০ (এক লক্ষ) টাকা | ১৫ গ্রাম স্বর্ণখচিত ক্রেস্ট + একটি রেপ্লিকা |

সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠানসমূহের চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক/পরিচালনা পর্ষদ কর্তৃক যথাযথভাবে মনোনীত পরিচালক/ব্যবস্থাপনা অংশীদার/স্বত্বাধিকারীর নিকট হতে নির্ধারিত ফরমে আবেদন আহ্বান করা যাচ্ছে। ২০১৮-১৯ অর্থবছর (১লা জুলাই ২০১৮ -৩০ জুন ২০১৯) এর পারফরম্যান্সকে পুরস্কারের জন্য বিবেচনা করা হবে।

## আবেদনপত্র প্রাপ্তিস্থান

শিল্প মন্ত্রণালয়ের ওয়েব পোর্টালে (www.moind.gov.bd) "বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্প পুরস্কার নীতিমালা ২০১৯" নামক লিংকে শ্রেণিভিত্তিক আবেদন ফরমসমূহ PDF ও Word ফরম্যাটে রয়েছে। সেখান থেকে আবেদন ফরম ডাউনলোড করা যাবে।

## আবেদনপত্র দাখিলের ঠিকানা

আবেদন ফরম যথানিয়মে পূরণ করে (প্রয়োজনীয় কাগজপত্রসহ) ২৩ জানুয়ারি ২০২০ তারিখ বিকাল ৫.০০ টার মধ্যে শিল্প মন্ত্রণালয়ে নিম্নোক্ত ঠিকানায় ডাকযোগে/সরাসরি দাখিল করতে হবে।

**সচিব**
**শিল্প মন্ত্রণালয়**
**শিল্প ভবন, (কক্ষ নং-৫২৫, ৫ম তলা, বিসিক শাখা)**
**৯১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।**

**আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ২৩ জানুয়ারি ২০২০। অসম্পূর্ণ আবেদন ও নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদন পুরস্কারের জন্য বিবেচনা করা হবে না।**

মোঃ রেজাউল করিম
সিনিয়র সহকারী সচিব
ফোন: +৮৮ ০২ ৯৫৮৫১৮৪, ০১৬৭৭১৭৩৬৪৭
ইমেইল: rezaulkarim11465@gmail.com